গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অনুদান ও হাসপাতাল ব্যবস্থাপনা শাখা
www.mopa.gov.bd

০৫ শ্রাবণ ১৪৩৩

নং ০৫.০০.০০০০.০০০.১২৬.১১.০০০৮.২৪- ২০৫ তারিখ: ২০ জুলাই ২০২৬

## প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১৮ ডিসেম্বর ২০২৫ তারিখের ২৮০ নম্বর স্মারকে সুপারিশকৃত নিম্নবর্ণিত প্রার্থী-কে জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়িয়া, ঢাকায় নন-ক্যাডার "সিনিয়র কনসালটেন্ট (৫ম গ্রেড) পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ৪৩,০০০-৬৯৮৫০/-টাকা বেতনস্কেলে প্রজ্ঞাপনের ২ নং অনুচ্ছেদে বর্ণিত শর্তে অস্থায়ীভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

| ক্রমিক | রেজিস্ট্রেশন নম্বর | প্রার্থীর নাম ও পিতার নাম | স্থায়ী ঠিকানা | বেতনস্কেল ও গ্রেড |
|---|---|---|---|---|
| ০১. | ০০০০১০ | মোঃ আবদুল মমিন<br>পিতা: মো: আমিনুল ইসলাম | গ্রাম-কাতালীয়া, ডাকঘর-কাশীনগর, থানা-চৌদ্দগ্রাম, জেলা-কুমিল্লা | ৪৩,০০০-৬৯৮৫০/-<br>৫ম গ্রেড |

**২। নিয়োগের শর্তসমূহ:**

(ক) তাঁকে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। প্রয়োজনে সরকার এ শিক্ষানবিশকাল অনুর্ধ্ব আরও দুই বছর বর্ধিত করতে পারবে। শিক্ষানবিশকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোনো কারণ দর্শানো ছাড়াই তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে। শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাঁকে চাকরিতে স্থায়ী করা হবে:

(খ) তাঁকে সরকার যেরূপ স্থির করবে সেরূপ পেশাগত ও বিশেষ ধরণের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(গ) প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(ঘ) চাকুরিতে যোগদানের সময় তাঁকে একজন জামানতদারসহ ৩০০/-(তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন;

(ঙ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে অনুচ্ছেদ (ঘ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ Public Demands Recovery Act, 1913 এর বিধান অনুসারে আদায় করা হবে এবং 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(চ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/-(তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি অঙ্গীকারনামা সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না;

(ছ) পরবর্তীতে যে কোনো সময় তাঁর যোগ্যতার শর্তের অপূর্ণতা, দুর্নীতি, জালিয়াতি, অসত্য তথ্য প্রদান, তথ্য গোপন বা অন্য কোনো অনিয়মের ক্ষেত্রে যেমন- চাহিদাকৃত কাগজপত্রাদি যথাযথ না থাকলে বা কোন গুরুতর (Substantive) ভুলত্রুটি পরিলক্ষিত হলে তাঁর নিয়োগ বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। তাছাড়া, চাকরিতে নিয়োগের পর এরূপ কোন তথ্য প্রকাশ বা প্রমাণিত হলে তাঁকে চাকরি হতে বরখাস্ত করা ছাড়াও তাঁর বিরুদ্ধে যে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(জ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে 'সরকারি চাকুরি আইন, ২০১৮'; সরকারি কর্মচারী হাসপাতাল (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২৪; সরকারের প্রচলিত অন্যান্য বিধি-বিধান ও আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

(ঝ) 'The Government Servants (Conduct) Rules, 1979' এর ১৩(১) উপবিধি অনুযায়ী তাঁর অথবা তাঁর পরিবারের সদস্যদের মালিকানাধীন/দখলে থাকা সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র তাঁকে চাকরিতে যোগদানকালে জনপ্রশাসন মন্ত্রণালয়ে জমা দিতে হবে;

(ঞ) চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

CamScanner

৩।　উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী **১৮ শ্রাবণ ১৪৩৩/০২ আগস্ট ২০২৬ তারিখে** সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর যোগদানপত্র দাখিল করবেন। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে বিবেচিত হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৪।　জনস্বার্থে এ নিয়োগাদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে
২০/৭/২৬
(মোঃ এহছানুল হক)
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়

নং ০৫.০০.০০০০.০০০.১২৬.১১.০০০৮.২৪- ২০৫/২ (১৪)

তারিখ: ০৫ শ্রাবণ ১৪৩৩ / ২০ জুলাই ২০২৬

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২। সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়/সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়/কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, বাংলাদেশ।
৩। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়।
৪। অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
৫। মহাপরিচালক, সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়িয়া, ঢাকা।
৬। অনুবিভাগ প্রধান (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
৭। যুগ্মসচিব (সচিবালয় ও কল্যাণ অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
৮। উপসচিব, প্রশাসন-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (নির্ধারিত তারিখে প্রার্থীকে সচিবালয়ে প্রবেশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৯। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২। চীফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার, জনপ্রশাসন মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
১৩। জনাব মোঃ আবদুল মমিন, পিতা: মো: আমিনুল ইসলাম, গ্রাম-কাতালীয়া, ডাকঘর-কাশীনগর, থানা-চৌদ্দগ্রাম, জেলা-কুমিল্লা।
১৪। অফিস কপি।

২০/৭/২০২৬
(মো. জাহিদ হাসান সিদ্দিকী)
সিনিয়র সহকারী সচিব

CamScanner